

২৩/৭/২০০৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ..  
পৃষ্ঠা ১০ কলাম ... ..

### শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট পুনর্গঠন করণে শিক্ষক কর্মচারী এক্যাজেট

শিক্ষক-কর্মচারী এক্যাজেট নেতৃবৃন্দ বেসরকারী শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট পুনর্গঠনসহ শিক্ষকদের পেশাগত বিভিন্ন সমস্যা সমাধানের দাবি জানিয়েছেন। মঙ্গলবার শিক্ষা সচিবের সঙ্গে তাঁর অফিসকক্ষে সাক্ষাত করে জেট নেতৃবৃন্দ এসব দাবি জানান। গত ২৪ আগস্টের পূর্বে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারী শিক্ষকদের নিয়ে সৃষ্ট জটিলতা নিরসন করে অবিলম্বে তাদের এমপিওভুক্ত করতে শিক্ষক নেতৃবৃন্দ শিক্ষা সচিবকে অনুরোধ জানান। প্রতিনিধি দলে এক্যাজেট নেতৃবৃন্দের মধ্যে প্রফেসর এম শরীফুল ইসলাম, মোঃ সেলিম ভূইয়া, মাওলানা আব্দুল লতিফ, অধ্যক্ষ মাজহারুল হান্নান, অধ্যক্ষ ইসহাক হোসেন, শফিকুল আলম প্রমুখ উপস্থিত ছিলেন। নেতৃবৃন্দ শিক্ষক-কর্মচারীদের অবসর ভাতা চালু, পদোন্নতি, কর্মচারীদের চাকরিবিধি বাস্তবায়নসহ বিভিন্ন দাবি জানান। শিক্ষা সচিব এসব দাবি দ্রুত বিবেচনার আশ্বাস দেন। -বিজ্ঞপ্তি।